# বাড়িতে ব্যবহারযোগ্য COVID-19 টেস্টিং কিট

সব নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় সহায়তা করার জন্য পরীক্ষা করান! NYC Health + Hospitals আপনার বাড়ির জন্য আপনাকে একটি এট-হোম COVID-19 টেস্টিং কিট দিচ্ছে।

COVID-19 এর পরীক্ষায় পজিটিভ আসা, অথবা COVID-19 আছে এমন কারো সংস্পর্শে ছিলেন এমন যে কাউকে অবশ্যই অন্যদের থেকে নিরাপদে আলাদা থাকতে হবে, যতক্ষণ পর্যন্ত না আপনার মনিটর তা বন্ধ করতে বলছেন। যদি আপনি ইতোমধ্যে COVID-19 এর জন্য পরীক্ষা করিয়ে থাকেন, তাহলে এই এট-হোম COVID-19 টেস্টিং কিট আপনার পরিবার ও বন্ধুদের সাথে শেয়ার করুন।




### আপনার বাড়িতে ব্যবহারযোগ্য COVID-19 টেস্টিং কিটে আছে:

- ন্যাঁজাল সোয়াব
- প্লাস্টিক টিউব, যা "স্ট্যাবিলাইজিং সল্যুশন টিউব" নামেও পরিচিত
- একটি গিফট কোড এবং সক্রিয়করণ কোড সহ নির্দেশনা কার্ড
- প্লাস্টিক ব্যাগ, যা "নমুনা ব্যাগ" নামেও পরিচিত
- মেইলার বাক্স
- মুখবন্ধ করার স্টিকার
- FedEx শিপিং ব্যাগ

অনুগ্রহ করে কিটটি ব্যবহার করতে, আপনার নমুনা পাঠাতে এবং আপনার ফলাফল পেতে বাক্সের নির্দেশাবলী পড়ুন।

### শিপিং রিমাইন্ডার:

যেদিন আপনি আপনার কিট রেজিস্টার করবেন এবং পরীক্ষা গ্রহণ করবেন সেই **একই দিনে** আপনার নমুনা পাঠানোর কথা মনে রাখবেন। **দিনের শেষ পিকআপের পর অথবা সপ্তাহিক ছুটির দিনে আপনার টেস্ট পাঠাবেন না। আমরা আপনাকে শুক্রবারগুলিতেও প্রেরণ না করার জন্য উৎসাহিত করছি।**

**আপনি কোনো আত্মীয়-স্বজনের মাধ্যমে কিটটি ফেরত পাঠাতে পারেন, অথবা বাড়ি থেকে পিক-আপ করার জন্য সময় নির্ধারণ করতে পারেন।**

**ড্রপ-অফ:** দিনের শেষ ফেডারেল এক্সপ্রেস পিকআপ কখন তা দেখার জন্য অনুগ্রহ করে fedex.com/dropbox -এ সময়সূচি চেক করুন। আপনি যে কোনও FedEx Express ড্রপ বক্স অবস্থানে আপনার টেস্ট পাঠাতে পারেন। একটি FedEx শিপ সেন্টার ব্যবহারের জন্য আমরা জোরালোভাবে সুপারিশ করছি।

**বাড়ি থেকে পিক-আপ:** বাড়ি থেকে পিক-আপ করার জন্য সময়সূচি নির্ধারণ করতে 1-800-463-3339 (1-800-Go FedEx) নম্বরে কল করুন। বলুন 'Schedule a Pickup' (একটি পিকআপ শিডিয়ুল করুন) অথবা '1' চাপুন। যখন একটি অ্যাকাউন্ট নম্বর জানতে চাওয়া হবে, আপনার FedEx শিপিং ব্যাগের রিটার্ন ট্র্যাকিং নম্বরটি দিন।

*বিপরীত পৃষ্ঠার নির্দেশাবলী দেখুন >*


Please scan for English
Ju lutemi skanoni për shqip
يُرجى تصوير الرمز للغة العربية
অনুগ্রহ করে বাংলার জন্য স্ক্যান করুন
Veuillez scanner pour la version en français
Tanpri eskane pou Kreyòl Ayisyen
कृपया हिंदी के लिए स्कैन करें
한국어로 스캔해 주십시오
Proszę sprawdzić wersję polską
Пожалуйста, сканируйте для русского языка
请扫描以获取简体中文版本
Escanee para español
請掃描以取得繁體中文版本
براہِ مہربانی اردو کے لیے سکین کریں

NYC HEALTH + HOSPITALS | Test & Trace Corps


BENGALI_NOVEMBER 2020

## নির্দেশাবলী:

- আপনার কিটের কার্ডের নির্দেশাবলী পড়ুন।
- শুরু করার আগে, picturegenetics.com/covid19/group -এ আপনার কিট অনলাইনে নিবন্ধন করুন। **'I have a kit already' (আমার ইতিমধ্যে একটি কিট আছে) –এ ক্লিক করুন।**
- আপনার কিটের ভিতরে থাকা **গিফট কোড** এবং আপনার নির্দেশাবলীর ইনসার্টের সম্মুখ কভারে থাকা **সক্রিয়করণ কোড** প্রবেশ করান, এবং **'Confirm Registration' (নিবন্ধন নিশ্চিত করুন)** -এ ক্লিক করুন।
- যদি জিজ্ঞেস করা হয়, তাহলে নির্বাচন করুন যে আপনি এই কিট NYC কেয়ার প্যাকেজ থেকে পেয়েছেন।
- টেস্ট গ্রহণ করার আগে এবং পরে হাত ধুয়ে ফেলুন।
- টেস্ট গ্রহণ করার আগে আপনার নাক পরিষ্কার করবেন না। গন্ধযুক্ত নয় এমন একটি টিস্যু দিয়ে আপনার নাক ঝাড়তে পারেন।
- **প্লাস্টিকের টিউবটি** খুলুন এবং আপনার নমুনা পেতে এটি একটি সমতল পৃষ্ঠে রাখুন।
- এরপর, **ন্যাজাল সোয়াবটি** খুলুন। আপনার নাকের ভেতরে প্রবেশ করানোর আগে বা পরে এটিকে কোন কিছু স্পর্শ করতে দিবেন না।
- **ন্যাজাল সোয়াবটিকে** আলতোভাবে আপনার নাকের ছিদ্রে প্রায় এক ইঞ্চি পরিমাণ ভেতরে ঢুকান যতক্ষণ না এটি আপনার নাকের গহ্বরের শীর্ষে পৌঁছায়। প্রায় 4 বার সোয়াবটি ঘষুন। আপনার অস্বস্তি বোধ করার কথা না। সোয়াব স্টিকটি আস্তে আস্তে বের করে নিন।



- একই সোয়াব স্টিক দিয়ে আপনার অন্য নাকের ছিদ্রে এই ধাপটি পুনরাবৃত্তি করুন।
- **ন্যাজাল সোয়াব** এর যে দিকটি আপনার নাকের ভিতরে প্রবেশ করিয়েছিলেন সেটি নিচের দিকে মুখ করে **প্লাস্টিক টিউব** -এর মধ্যে রাখুন।
- বিন্দুযুক্ত রেখা বরাবর **ন্যাজাল সোয়াবটি** ভেঙ্গে ফেলুন; এটা সহজেই দুই ভাগে ভেঙ্গে যাওয়া উচিৎ।
- নিশ্চিত হয়ে নিন **ন্যাজাল সোয়াবটি** যেন টিউবের মাঝখানে থাকে। তারপর, **প্লাস্টিক টিউবটি** ভাল ভাবে বন্ধ করুন এবং চেক করে দেখুন যাতে এটি লিক না করে। সাবধান থাকুন এটা যেন খুব শক্ত ভাবে বন্ধ করা না হয়।



- **ন্যাজাল সোয়াব** সহ **প্লাস্টিকের টিউবটিকে প্লাস্টিকের ব্যাগে** রাখুন।
- **মেইলার বক্সের** মধ্যে প্লাস্টিকের ব্যাগটি রাখুন এবং **মুখবন্ধ করার স্টিকার** দিয়ে মেইলার বক্সটি বন্ধ করে দিন।
- **মেইলার বক্সটি FedEx শিপিং ব্যাগে** রাখুন। আপনার কিটে থাকা শিপিং বা প্রেরণের নির্দেশাবলী অনুসরণ করুন।
- আপনার রেকর্ডের জন্য আপনার **নির্দেশনা কার্ডটি** রেখে দিন।

## মনে রাখবেন:

- যেদিন আপনি আপনার কিট নিবন্ধন করেছেন এবং টেস্ট গ্রহণ করেছেন সেদিনই টেস্ট পাঠান। আপনাকে অবশ্যই 24 ঘন্টার মধ্যে টেস্ট পাঠিয়ে দিতে হবে। দিনের শেষ পিকআপের পর বা ছুটির দিনে এটা শিপ বা প্রেরণ করবেন না। আমরা আপনাকে শুক্রবারগুলিতেও প্রেরণ না করার জন্য উৎসাহিত করছি।
- ল্যাব আপনার নমুনা পাওয়ার 48 ঘন্টার মধ্যে আপনি আপনার ফলাফল পেয়ে যাবেন। ফলাফল আপনার Picture পোর্টাল অ্যাকাউন্টের মাধ্যমে পাওয়া যাবে।

**আপনার** Picture Genetics **অ্যাকাউন্ট ইমেইলের মাধ্যমে যাচাই করতে হবে:**
[donotreply@picturegenetics.com] থেকে পাঠানো একটি যাচাইকরণ ইমেইলের জন্য আপনার ইনবক্স চেক করুন।
আপনি picturegenetics.com/nasalswab ওয়েবসাইটে এসকল নির্দেশাবলী এবং একটি ব্যাখ্যাসহ ভিডিও পেতে পারেন

**সহায়তার জন্য আপনি নিম্নোক্ত মাধ্যমে Picture Genetics-এর সাথে যোগাযোগ করতে পারেন:**

**ই-মেইল:** hello@picturegenetics.com
**লাইভ চ্যাট:** PictureGenetics.com এর মাধ্যমে
**ফোন: 626-434-3596**, সোমবার-শুক্রবার, দুপুর 12টা থেকে সন্ধ্যা 7টা ইএসটি

নিউ ইয়র্ক শহরকে সুস্থ রাখতে সাহায্য করার জন্য আপনাকে ধন্যবাদ! ভাল থাকুন।